# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, প্লট নং-ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৮২৪

ই-মেইল: info@bcc.gov.bd Website: http://www.bcc.gov.bd


# যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২৬

আইসিটি বিভাগের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ব্যবস্থাপনায় সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশনস অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) এর সহযোগিতায় দেশে দশমবারের মত যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইটি প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের নিকট হতে এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

**প্রতিযোগিতার স্থান:** ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, গ্রীন রোড, ঢাকা।

**তারিখ ও সময়:** ১ আগস্ট, ২০২৬খ্রি., শনিবার, সকাল ৮:০০টা হতে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত।

**প্রতিযোগী যুব প্রতিবন্ধী ব্যক্তিদের বয়সসীমা:** ১৪-২২ বছর (বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম নিবন্ধন সনদ/এনআইডির কপি জমা দিতে হবে)।

**প্রতিবন্ধিতার সনদ:** সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধিতার সনদ (সুবর্ণ নাগরিক কার্ড) জমা দিতে হবে।

**প্রতিযোগিতার ক্যাটাগরি:** প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী মোট ৪ (চার)টি ক্যাটাগরিতে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। যথা: (১) দৃষ্টি প্রতিবন্ধী, (২) শারীরিক প্রতিবন্ধী, (৩) বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং (৪) নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার (এনডিডি)

**শিক্ষাগত যোগ্যতা:** (১) দৃষ্টি প্রতিবন্ধী, (২) শারীরিক প্রতিবন্ধী, (৩) বাক ও শ্রবণ প্রতিবন্ধী ক্যাটাগরিতে অংশগ্রহণের জন্য এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে এনডিডি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা হবে ৬ষ্ঠ শ্রেণি পাশ। উচ্চতর যোগ্যতাসম্পন্ন প্রতিযোগীদের সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের কপি ও মার্কশিটের কপি জমা দিতে হবে; তবে স্নাতক ডিগ্রিধারী কেউ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

**কম্পিউটার দক্ষতা:** প্রতিযোগীদের অবশ্যই কম্পিউটার পরিচালনা, অ্যাপ্লিকেশন সফটওয়্যার (এমএস অফিস) ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা থাকতে হবে এবং এর স্বপক্ষে প্রশিক্ষণ সনদের কপি জমা দিতে হবে।

**আবেদনের পদ্ধতি:** যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২৬-এ অংশগ্রহণের জন্য https://nitc.bcc.gov.bd ওয়েবসাইটে গিয়ে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান পূর্বক অনলাইনে আবেদন/নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**আবেদনের সময়সীমা:** ২৪ জুলাই, ২০২৬খ্রি. রাত ১০:০০।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ী যুব প্রতিবন্ধী ব্যক্তিগণের জন্য সুবিধাসমূহ:

এটি একটি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা। এ প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগীদের আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে। এ ছাড়াও প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকে সনদপত্র প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিযোগীদের প্রত্যেককে যাতায়াত ভাতা প্রদান করা হবে। প্রতিটি ক্যাটাগরি থেকে ১ম স্থান অধিকারীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য দল গঠন করা হবে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক পরিচালিত উচ্চতর প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

**প্রতিযোগিতার বিষয়:** মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট। প্রতিযোগিতার জন্য নির্বাচিত প্রার্থীর তালিকা বিসিসি'র ওয়েবসাইট (www.bcc.gov.bd) এ ২৭ জুলাই, ২০২৬খ্রি. তারিখ প্রকাশ করা হবে। বিস্তারিত তথ্যের জন্য বিসিসি'র ওয়েবসাইট ও ফেসবুক (www.facebook.com/bcc.ict/) পেজ দেখার অনুরোধ জানানো যাচ্ছে। (অনলাইন আবেদন/ রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ: ০১৭৫১-২৯৩৭৮৯, ০১৫৩৫-১০১০৯৭)

**বিশেষ দ্রষ্টব্যঃ ইতোপূর্বে অনুষ্ঠিত জাতীয় যুব প্রতিবন্ধী আইটি প্রতিযোগিতায় যারা ১ম, ২য় ও ৩য় স্থান অর্জন করেছেন তারা "জাতীয় যুব প্রতিবন্ধী আইটি প্রতিযোগিতা ২০২৬" এ অংশগ্রহণ করতে পারবেন না।**

পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

ডিজি-১০৫০/২৬ (৯"×৪)